> "ছেলে হোক, মেয়ে হোক,
> দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-পপঅ/সিসিএসডিপি/হিসাব/ক্র-৭১৭/২০১৮-১৯/২৭৩৬ তারিখঃ 20/03/2019 খ্রিঃ

DIARY NO............
DD(F)/.../DPM(FSDP)
15 APR 2019
AD (BUDGET/DDO)
PA Director

## পরিপত্র

**বিষয়ঃ সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা/উপজেলা পর্যায়ের হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহে প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবাসহ সকল পরিবার পরিকল্পনা সেবা প্রদান সংক্রান্ত নীতিমালা।**

সূত্রঃ ১. অত্র অধিদপ্তরের ২৮-০৪-২০১১ খ্রিঃ তারিখের স্মারক নং -পপঅ/সিসিএসডিপি/প্রশাসন-৪৭/২০০৮/১৩৩০।
২. অত্র অধিদপ্তরের ২৪-০১-২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং -পপঅ/সিসিএসডিপি/হিসাব/ক্র-৬২৪/২০১৮-১৯/২৬৯৭।

সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহে প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়। প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জনসংখ্যা-২ অধিশাখার ২০-০৬-২০১৮ খ্রিঃ তারিখের নং ৫৯.০০.০০০০.১১৫.০০২.২০১৮-১৩১ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহের সংশ্লিষ্ট ডিডিও'র অনুকুলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ইমপ্রেষ্ট ফান্ড বা স্থায়ী অগ্রিম তহবিল খোলার অনুমোদন প্রদান করা হয়। প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবা গ্রহীতা, সেবা প্রদানকারী ও সংশ্লিষ্টদের তাৎক্ষনিক পরিশোধযোগ্য ভাতা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহের নীতিমালা সূত্রস্থ ২নং ক্রমিকে উল্লেখিত স্মারকের মাধ্যমে পরিপত্র জারী করা হয়েছে।

উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রমের সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীদের তাৎক্ষনিক পরিশোধযোগ্য ব্যয় ও অন্যান্য আনুষঙ্গিক খাতের ব্যয় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলার মেডিক্যাল অফিসার(এমসিএইচ-এফপি)'র পদনামের ইমপ্রেষ্ট ফান্ড বা স্থায়ী অগ্রিম তহবিল হতে বিধি মোতাবেক পরিশোধিত হবে।

সূত্রস্থ ১নং ক্রমিকে উল্লেখিত স্মারকের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহে ও বেসরকারী হাসপাতালসমূহে প্রসবোত্তর সেবা প্রদানের নীতিমালা সংক্রান্ত পরিপত্র জারী করা হয়। উক্ত পরিপত্রের আংশিক সংশোধনপূর্বক সরকারী হাসপাতালসমূহের জন্য নিম্নোক্ত নীতিমালা পুনরায় জারী করা হলো। নিম্নোক্ত নীতিমালার আলোকে প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবা (পিপিএফপি) কার্যক্রমসহ সকল পরিবার পরিকল্পনা সেবা পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল, জেলা/উপজেলা পর্যায়ের হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রাপ্ত দ্রব্য-সামগ্রীর সঠিক ব্যবস্থাপনা নিশ্চিৎ করার জন্য ক. সিনিয়র ষ্টাফ নার্স -গাইনী ওটি ইনচার্জ/গাইনী লেবার ওয়ার্ড ইনচার্জ খ. মিডওয়াইফ গ. ষ্টোরকিপার এর মধ্য হতে ০১(এক) জনকে নির্বাচনপূর্বক দায়িত্ব প্রদান করতে হবে। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের ১৩-০৯-২০১৭ খ্রিঃ তারিখের নং স্বাঃ অধিঃ পরিঃ হাসঃ/বিবিধ-১/২০১৭/২৮৫৫ এবং ০৫-০৯-২০১৭ খ্রিঃ তারিখের স্বাঃ অধিঃ/লাইন ডাইরেক্টর/এমএনসিএন্ডএএইচ/এমএইচ/২০১৭/৪৪৩ সংখ্যক স্মারকে নির্দেশনা জারী করা হয়েছে।

২. প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবাসহ সকল পরিবার পরিকল্পনা সেবা প্রদানের ক্ষেত্রে ঔষধ, এমএসআর ও কন্ট্রাসেপটিভ জেলা পরিবার পরিকল্পনা/উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর/কার্যালয় হতে সরবরাহ করা হবে। বর্ণিত সেবা কেন্দ্রসমূহকে SDP হিসাবে উপজেলা পর্যায়ে ইনভেন্টরী ম্যানেজমেন্ট সিষ্টেম (UIMS) এর অন্তর্ভূক্ত করে উক্ত সামগ্রী সরবরাহ করতে হবে। লেবার রুম ও ওটি কক্ষে সব সময় পরিবার পরিকল্পনা সামগ্রী পর্যাপ্ত পরিমান সরবরাহ/মজুদ নিশ্চিত করতে হবে। ষ্টোরে জরুরী ঔষধ, এমএসআর মজুদ না থাকলে এনওসি প্রদান স্বাপেক্ষে ইমপ্রেষ্ট ফান্ডের অর্থ দ্বারা সরাসরি ক্রয়/সংগ্রহ করা যাবে। যে সমস্ত জরুরী ঔষধ, এমএসআর ক্রয়/সংগ্রহ করা হবে সে সমস্ত খাতের জন্য আলাদা বরাদ্দ গ্রহণপূর্বক ইমপ্রেষ্ট ফান্ডের অর্থ সমন্বয় করতে হবে।

৩. পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম পরিচালনার জন্য বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে আলাদা ব্যাংক হিসাব, ক্যাশ বহি, বিল-ভাউচার ও অন্যান্য রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।

৪. পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রমের সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীদের তাৎক্ষনিক পরিশোধযোগ্য ব্যয় ও অন্যান্য আনুষঙ্গিক খাতের ব্যয় নির্বাহের জন্য অত্র কার্যালয়ের ২৪-০১-২০১৯ খ্রিঃ তারিখের ২৬৯৭ সংখ্যক স্মারকে পরিপত্র

D.\Circular\FP Services all hospital.doc

জারী করা হয়েছে। সে আলোকে প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবাসহ সকল পরিবার পরিকল্পনা সেবার আর্থিক কার্যক্রম যথাযথভাবে অনুসরন করতে হবে।

৫. সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা/উপজেলা পর্যায়ের সরকারী হাসপাতাল ও বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহে পরিবার পরিকল্পনা সেবা গ্রহীতাদের ও সেবা প্রদানকারীর তথ্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।যেমন ঃ ক্লায়েন্ট কনসেন্ট ফরমে সেবা গ্রহীতা, সেবা প্রদানকারী সার্জনের সীল মোহরসহ স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ উল্লেখ থাকতে হবে।

৬. শুধুমাত্র রেজিষ্টার্ড এবং এলএপিএম প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসকগণ দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডি, ইমপ্ল্যান্ট ও স্থায়ী পদ্ধতি সেবা প্রদান করবেন। প্রশিক্ষণ প্রাপ্ত নার্স/মিডওয়াইফগন শুধুমাত্র দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডিসহ স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা প্রদান করবেন।

৭. দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পদ্ধতির গ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান Medical Eligibility Criteria (MEC) নীতিমালা যথাযথভাবে অনুসরন করতে হবে। এক্ষেত্রে , যে সকল দম্পতির ০২(দুই)টি জীবিত সন্তান আছে এবং ছোট সন্তানের বয়স কমপক্ষে ০১(এক) বছর তাঁদের স্বামী বা স্ত্রীর যে কোন একজনকে যথাক্রমে ভ্যাসেকটমি বা টিউবেকটমি সেবা প্রদান করা যাবে। তবে, দ্বিতীয় সিজারিয়ান অপারেশনের সময় দম্পতির সম্মতিতে স্ত্রীকে টিউবেকটমি সেবা প্রদান করা যাবে। উভয় ক্ষেত্রেই এই মর্মে নিশ্চিত হতে হবে যে, ভ্যাসেকটমি বা টিউবেকটমি গ্রহনেচ্ছুকের স্বামী বা স্ত্রী ইতোপূর্বে স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (এনএসভি/টিউবেকটমি) গ্রহন করেন নাই।

৮. প্রত্যেক সেবা কেন্দ্র থেকে মাসিক প্রতিবেদন (এমআইএস ফরম-৩) তৈরী করে পরবর্তী মাসের ১ম কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯. পরিবার পরিকল্পনা কার্যক্রম (পিপিএফপি কার্যক্রমসহ) পরিচালনার ক্ষেত্রে সর্বশেষ জারীকৃত সরকারী নীতিমালা প্রযোজ্য হবে।

এমতাবস্থায়, সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা পর্যায়ের হাসপাতালসমূহ এবং অন্যান্য বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পরিবার পরিকল্পনা সেবা (পিপিএফপিসহ) প্রদানের বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই পরিপত্র জারী করা হলো। জারীকৃত পরিপত্রের আলোকে যাবতীয় বিধি বিধান/নীতিমালা যথাযথভাবে অনুসরন করে সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতাল ও অন্যান্য বিশেষায়িত সরকারী হাসপাতালসমূহে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহে পরিবার পরিকল্পনা সেবা প্রদান চলমান রাখতে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ
মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর।

কাজী মোস্তফা সারোয়ার
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং-পপঅ/সিসিএসডিপি/হিসাব/ক্র-৭১৭/২০১৮-১৯/১৭৬৬/১(২৪০০) তারিখঃ ২০/০৩/২০১৯খ্রিঃ

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(ক) মন্ত্রণালয়

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্ম-সচিব,আর্থিক ব্যবস্থাপনা ও অডিট,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।।
৪। উপ প্রধান (পরিকল্পনা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।।
৫। উপ-সচিব,জনসংখ্যা -২ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপ-সচিব, বাজেট-৪ অধিশাখা,বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(গ) স্বাস্থ্য অধিদপ্তর

১। পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল) ................................... স্বাস্থ্য অধিদপ্তর।
২। পরিচালক, স্বাস্থ্য,........................... বিভাগ।
৩। অধ্যক্ষ,মেডিকেল কলেজ হাসপাতাল.................................................।
৪। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল.........................................।
৫। বিভাগীয় প্রধান (অবস্ গাইনী বিভাগ) মেডিকেল কলেজ হাসপাতাল..................................।
৬। সুপারিনটেনডেন্ট...................................জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল।
৭। সিভিল সার্জন ...................................... জেলা।

৮। কনসালটেন্ট, গাইনী অবস্ জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল ..................................... ।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).........................উপজেলা.........................জেলা।

(খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর

১। পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল) .......সকল.................. অত্র অধিদপ্তর।
২। পরিচালক (এমআইএস) এবং লাইন ডাইরেক্টর (এমআইএস-এফপি), অত্র অধিদপ্তর। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েব সাইটে পরিপত্রটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, ...................................................... বিভাগ।
৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা ..................................................জেলা।
৫। রিজিওনাল কনসালটেন্ট/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), এফপিসিএস- কিউআইটি ............... অঞ্চল/জেলা।
৬। সহকারী পরিচালক (পঃপঃ)/সহকারী পরিচালক(সিসি),...................................জেলা।
৭। মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র...................................জেলা।
৮। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,...............উপজেলা.......................জেলা।
৯। বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, অত্র অধিদপ্তর।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

(গ)অন্যান্য প্রতিষ্ঠান

১। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (অবস্ গাইনী বিভাগ), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
৩। পরিচালক, আইসিএমএইচ, মাতুয়াইল, ঢাকা।
৪। পরিচালক, আর্মি মেডিকেল কলেজ হাসপাতাল.................................... ।
৫। পরিচালক, বর্ডারগার্ড বাংলাদেশ হাসপাতাল......................................... ।
৬। কান্ট্রি ডাইরেক্টর, ইউএনএফপিএ, বাংলাদেশ, ঢাকা।
৭। কান্ট্রি ডাইরেক্টর, আইপাস বাংলাদেশ, ঢাকা।
৮। চীফ অফ পার্টি, সেইভ দ্যা চিলড্রেন, বাংলাদেশ, ঢাকা।
৯। কান্ট্রি ডাইরেক্টর, পাথ ফাইন্ডার ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, ঢাকা।
১০। কান্ট্রি ডাইরেক্টর, জাপাইগো ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, ঢাকা।
১১। কান্ট্রি ডাইরেক্টর, মেরী স্টোপস, বাংলাদেশ, ঢাকা।
১২। ডাইরেক্টর, হেলথ নিউট্রিশান এন্ড পপুলেশন, ব্রাক, বাংলাদেশ, ঢাকা।
১৩। ডাঃ/জনাব............................................................ ।

(ঙ) হিসাব রক্ষণ কার্যালয়

১। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, .............................................................বিভাগ।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................................................জেলা।

২৯/১২/২০১৯

ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।



E:\Zaman-2018-19\paripatra\FP Services all hospital.doc